# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৬. পুরুষ যা স্বপ্নে দেখে, যদি স্ত্রীলোক তা স্বপ্নে দেখে (পুরুষের মত স্ত্রীলোকের স্বপ্নদোষ হলে) এ সম্পর্কে

بَابٌ: فِي الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَطَاءٍ الْخُرَاسَانِيِّ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ يَقُولُ سَأَلَتْ خَالَتِي خَوْلَةُ بِنْتُ حَكِيمٍ السُّلَمِيَّةُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْمَرْأَةِ تَحْتَلِمُ فَأَمَرَهَا أَنْ تَغْتَسِلَ

إسناده صحيح

## বাংলা

৭৮৫. আতা আল খুরাসানী হতে বর্ণিত, তিনি বলেন, আমি সাঈদ ইবনুল মুসাইয়্যিব রাহ. কে বলতে শুনেছি: আমার খালা খাওলাহ বিনতে হাকীম আল সুলামী রাদ্বিয়াল্লাহু আনহা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ’ইহতিলাম’ (স্বপ্নদোষ) হওয়া স্ত্রীলোক সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন। তখন তিনি তাকে গোসল করার নির্দেশ দিয়েছিলেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: সাঈদ ইবনুল মুসাইয়্যিব ‘জিজ্ঞাসা’র যুগ পাননি, তবে তিনি তার খালা হতে এটি বর্ণনা করেছেন, তার খালা খাওলাহ বলেন, আমি জিজ্ঞাসা করেছিলাম.... মুসনাদে আহমাদ ৬/৪০৯; নাসাঈ ১৯৮; তাবারাণী, আল কাবীর ২৪/২৪০ নং ৬১০; আবু নুয়াইম, হিলইয়া ৫/২০৬। এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৬/৪০৯; ইবনু মাজাহ ৬০২; তাবারাণী ২৪/২৪১ নং ৬১৩... (এ সনদের) আলী ইবনু যাইদ যয়ীফ।

(এর শাহিদ বর্ণিত হয়েছে আনাস ইবনু মালিক, আয়িশা এবং উম্মু সালামাহ রা: হতে সহীহ মুসলিম ৩১০-৩১৪। -

অনুবাদক। পরবর্তী হাদীস দু’টি দেখুন)

দেখুন, উসদুল গাবাহ ৭/৯৩; আল ইসাবা ১২/২৩৪-২৩৫; আমার তাহক্বীককৃত মাজমাউয যাওয়াইদ নং ১৪৭৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আত্বা আল খুরাসানী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন